AQA

# GCSE
# BENGALI

**H**

Higher Tier Paper 1 Listening Test Transcript

Time allowed: 45 minutes approximately
(including 5 minutes' reading time before the test)

**FOR INVIGILATOR'S USE ONLY**

**The pauses are pre-recorded for this test**.

This is what you should do for each item.

- After the question number is announced, there will be a pause to allow you to read the instructions and questions.
- Listen carefully to the recording and read the questions again.
- Listen to the recording again, and then answer the questions.
- When the next question is about to start you will hear a bleep like this (*).
- You may write at any time during the test.
- In **Section A**, answer the questions in **English**. In **Section B**, answer the questions in **Bengali**.
- You must answer **all** the questions in the spaces provided. Do **not** write outside the box around each page or on blank pages.
- Write neatly and put down **all** the information you are asked to give.
- **Ask any questions now. You must not ask questions or interrupt during the test.***
- You now have five minutes to read through the question paper. You may make notes during this time. You may open your answer book now.
- **The test starts now**.

Once the test has started, the invigilator must not pause it **at any time** as all pauses, including the five minutes' reading time, are pre-recorded.

*If candidates ask any questions at this point, the invigilator should pause the recording until the questions have been answered. The recording should then be restarted.

## Section A

Questions and answers in **English**.

**0 1**

**M2** পলাশ, কাজ করার ব্যাপারে তুমি কী ভাবছো?

**M1** ভাবছি একটা পার্টটাইম কাজ করবো। এতে টাকা আয় একটু কম হলেও আমাকে দীর্ঘ সময় কাজ করতে হবে না। আর তুমি কী করবে তমাল?

**M2** আমি ঠিক করেছি বেশি বেতনের একটা কাজ করবো। বেশি বেতন পেলে আরামে জীবন কাটানো যাবে। তবে অনেক কর্মব্যস্ত থাকতে হবে বলে মনে হয়।

**0 2**

**M1** "এই বিজ্ঞানভিত্তিক কাহিনি আপনাকে চমকে দেবে। এসব অজানা কথা আপনাকে ভাবিয়ে তুলবে। মনে হবে সত্যিই যদি এসব সম্ভব হতো!"

**F1** "এই গল্প পড়লে আপনার হাসি আসবেই। পাতায় পাতায় মজার সব ঘটনা লেখা আছে। একবারে পড়া শেষ না করে উঠতেই মন চাইবে না।"

**M2** "এই কাহিনি আপনার মনকে ছুঁয়ে যাবে। গল্প পড়তে পড়তে আপনার চোখে পানি আসতেও পারে।"

**0 3**

**F2** সুস্থ থাকার জন্য ব্যায়াম করা দরকার। ওজন কমাতে আমি ভারী ব্যায়াম করতে শুরু করবো ভাবছি। কিছুদিন আগে হাঁটাচলা করেও ওজন কমেনি। এখন সুযোগ পেলেই বিকেলে দৌড়াচ্ছি।

**0 4**

**M1** হ্যালো, আমি ইমতিয়াজ। একবার এক ঝামেলায় জড়িয়ে পড়ায়, সেটা সামলানোর কোনো উপায় খুঁজে পাচ্ছিলাম না। ব্যাপারটাকে সহজভাবে নিয়েও স্বস্তি পাইনি। এক বন্ধুর উপদেশই আমাকে সবচেয়ে বেশি সাহায্য করেছিলো।

**0 5**

**F1** হ্যালো, আমি লুনা। একবার বিপদের সময় বন্ধুরা আমার দেখাশোনা করেছে, সাহস জুগিয়েছে। তবে বন্ধুদের কাছ থেকে পাওয়া সান্ত্বনা ছিলো আমার সবচেয়ে বড়ো পাওয়া।

**0 6**

**M2** বাংলাদেশে এক সময় মানুষ নিজেরাই বেড়াতে যাওয়ার জায়গা ঠিক করে নিতো। খরচ বেশি হলেও এখন ট্রাভেল এজেন্সির মাধ্যমে পরিবার ও বন্ধুদের সাথে বেড়াতে যাওয়া জনপ্রিয় হচ্ছে। এজেন্সির মাধ্যমে অপরিচিতদের সাথে দল বেঁধে ঘুরে-বেড়াতে খুব একটা দেখা না গেলেও কম খরচে দেশে-বিদেশে বেড়াতে যাওয়ার এটা একটা উপায়। ইদানীং দেশের ভেতরে দর্শনীয় জায়গায় বেড়াতে যেতেও লোকজন উৎসাহী হচ্ছে।

**0 7**

**F2** লন্ডনের পাতাল রেল চলাচলের ফলে সৃষ্ট যে তাপ অপচয় হয়, সেই তাপ ব্যবহার করে এখন শত শত ঘরবাড়ি শীতকালে উষ্ণ রাখা সম্ভব হচ্ছে।

**0 8**

**F2** ওয়াশিং মেশিনে কাপড় ধোয়ার তাপমাত্রা ৬০ ডিগ্রি সেলসিয়াস থেকে কমিয়ে ৪০ ডিগ্রি সেলসিয়াসে নিলে এক-তৃতীয়াংশ শক্তির ব্যবহার কমানো যায়।

**0 9** **F2** তেলজাতীয় জ্বালানীর পরিবর্তে পুনর্ব্যবহারযোগ্য শক্তি কল-কারখানায় ব্যবহার করলে পৃথিবীর উষ্ণতা অনেকাংশে কমে যাবে।

**1 0** **M1** শীতের সময় পাহাড়, ঝরনা দেখতে অনেক মানুষ বান্দরবানে বেড়াতে যায়। সেখানকার মনোরম প্রাকৃতিক পরিবেশে উঁচু উঁচু পাহাড়ের ঢালে গড়ে উঠেছে অনেকগুলো রিসোর্ট। রিসোর্টের বারান্দা থেকে হাত বাড়িয়ে মেঘগুলোকে কাছে পাওয়া এখন এক উত্তেজনাপূর্ণ অভিজ্ঞতা।

**1 1** **F1** সুন্দরী গাছের বন সুন্দরবন। বাংলাদেশের সুন্দরবন পৃথিবীর সবচেয়ে বড়ো ম্যানগ্রোভ বন। এই বনেই দেখা যায় আমাদের জাতীয় পশু রয়েল বেঙ্গল টাইগার। এই বনে বানর আর হরিণের বন্ধুত্ব দেখতে পাওয়াটা এক ভিন্ন রকম আনন্দ।

**1 2** **M2** বাংলাদেশের সবচেয়ে দক্ষিণে সেন্ট মার্টিন্সের শেষ প্রান্তে সাগর ঘেরা 'ছেঁড়া দ্বীপ'। বাতাসে দুলতে থাকা রাশি রাশি নারিকেল গাছের সারির এই দ্বীপ পর্যটকদের কাছে এক বড়ো আকর্ষণ। সাগরের স্বচ্ছ পানির নিচে উপকূলের মাছগুলো দেখা যেন এক অনন্য অভিজ্ঞতা।

**1 3** **F2** এটা ভালো যে বেশ কয়েক বছর হলো ব্রিটেনের সুপার মার্কেটগুলোতে প্লাস্টিক বা পলিথিনের ব্যাগের ব্যবহার কমাতে বলা হচ্ছে। আর বাংলাদেশের দোকানগুলোতে অনেক আগে থেকেই পলিথিনের ব্যাগ ব্যবহারের অনুমতি নেই। আমার মতে এর ফলে এই দুই দেশেই পলিথিনের কারণে সৃষ্ট দূষণ কিছুটা হলেও কমেছে।

**1 4** **M1** ব্রিটেনের কোনো কোনো সুপার মার্কেট বারবার ব্যবহার করা যায় এমন কাগজের ব্যাগ চালু করেছে। তারা মনে করে এই ব্যাগের ব্যবহারের ফলে প্রতি বছর ১৩০০ টন প্লাস্টিক পরিবেশে আর যোগ হবে না। কয়েকটি সুপার মার্কেট পুরনো প্লাস্টিকের ব্যাগ ফেরত নিয়ে রিসাইকেল করছে। আমি মনে করি এভাবে পলিথিনের ব্যবহার কমছে।

**1 5** **F1** অনেক আগে কিন্তু যেখানে সেখানে ফেলে দেওয়া কাগজের ব্যাগের আবর্জনা কমাতে বিকল্প হিসেবে পলিথিনের ব্যাগের প্রথম ব্যবহার শুরু করা হয়েছিলো। ধারণা করা হয়েছিলো যে ভালো টেকে সেজন্য এর ব্যবহার বেশিদিন চলবে। আমার ধারণা খুব সহজে পাওয়া যায় তাই মানুষ এটিকেও যেখানে সেখানে ফেলে দিয়ে পরিবেশের জন্য হুমকি সৃষ্টি করেছে।

**1 6** **M2** এমনকি পানীয় পান করার কাগজের কাপেও পলিথিনের একটি পাতলা স্তর আছে। আমি জানি যে এই পাতলা স্তরের কারণে এসব কাপ পুনরায় ব্যবহারযোগ্য করতে বেশ অসুবিধা হয়।

**1 7** **M1** একজন বাঙালির হাত ধরেই ইংল্যান্ডে প্রথম ভারতীয় রেস্তোরাঁর সূচনা ঘটে। আবার সেই একই বাঙালি কী করে শ্যাম্পুর ব্যবহার করতে হয় সেই নিয়মও এই দেশে চালু করেছিলেন। তিনি ইংরেজদের শরীরের বিভিন্ন ব্যথা কমানোর ব্যবস্থা সম্পর্কেও শিখিয়েছিলেন। পানিতে বিভিন্ন জিনিস দিয়ে তৈরি বাষ্প দিয়ে গোসলের মাধ্যমে তিনি অনেকের শরীরের ব্যথা কমানোর চিকিৎসায় সফল হয়েছিলেন। তাই তাঁকে 'ডঃ ব্রাইটন' বলে ডাকা হতো। যদিও তাঁর আসল নাম দ্বীন মোহাম্মদ।

**Turn over ▶**

**1 8**

**F2** শিক্ষা প্রতিষ্ঠানে কলম দিয়ে লেখা ছাড়া আজকাল লোকজনকে খুব একটা কাগজে লিখতে দেখা যায় না। ল্যাপটপ, ট্যাব বা মোবাইলের স্ক্রিনে টাইপ করে লিখে রাখার কাজটা চালিয়ে নেওয়া হয়। কাগজ-কলম খুঁজে নিয়ে লিখতে বসতে হয় না। তবে সুন্দর হাতের লেখার অভ্যেসটা যেন হারাতেই বসেছে।

**M2** শুধু যে টাইপ করে লিখতে পারা যায় তাই নয়, টাইপ করতে গেলে নিজে থেকেই স্ক্রিনে ভেসে ওঠে শব্দের সম্ভাব্য বানান। ব্যস, বেছে নিলেই হলো। শব্দের সঠিক বানান শেখার চেষ্টাটা এখন অনেকেই গুরুত্ব দেয় না।

**1 9**

**M1** আমাদের এলাকায় আজকাল অনেক পরিবারেই ছেলেমেয়েরা কাজের প্রয়োজনে অন্য শহরে গিয়ে বাস করে। অথচ অসহায় মা-বাবাকে দেখার মতো কেউ সাথে থাকে না। কেউ কেউ নিজের পিতা-মাতাকে সাথে না নিয়ে বৃদ্ধাশ্রমে রাখে।

**F1** ভালোভাবে বেঁচে থাকতে দরকার কাজ, টাকাপয়সা, মাথার ওপর একটি ছাদ, ইত্যাদি। একটি বাসস্থান ছাড়া বেঁচে থাকাটা অনেক কষ্টের। এই এলাকায় এখন গৃহহীন মানুষের অসুবিধা সীমাহীন।

**M2** বন্ধুদের পাল্লায় পড়ে অনেকেই বিভিন্ন ক্ষতিকর অভ্যেসে জড়িয়ে পড়ে, মারামারি করে। ইদানীং এলাকায় অনেকটা শখের বশে নেশা করতে গিয়ে কেউ কেউ মাদকাসক্ত হয়ে পড়েছে।

**2 0**

**F2** আমার নাম সাদিয়া। অন্য অনেক মা-বাবার মতো আমার মা-বাবাও চান আমি বিশ্ববিদ্যালয়ে পড়ি। তাঁরা মনে করেন বিশ্ববিদ্যালয়ে পড়লে জীবনে উন্নতি করা যায়। আমিও তাই মনে করি। অবশ্য শিক্ষানবিশি করে ভালো টাকা আয় করা গেলেও অনেকেরই তা পছন্দের নয়।

**M2** আমার নাম মনোয়ার। আমার মতে বিশ্ববিদ্যালয়ে পড়ার একটা ঝামেলা হলো এটা ব্যয়বহুল। আর সেই সাথে বেশ কয়েক বছর লেগে যায় লেখাপড়া শেষ করতে। কারিগরি শিক্ষা নিয়ে বা শিক্ষানবিশি করে অনেকেই ভালো কাজ পেয়ে জীবনে উন্নতি করতে পারে।

**2 1**

**F1** স্কুলজীবন থেকেই জীবনের একটা লক্ষ্য সামনে রেখে তৈরি হতে হয়। লেখাপড়ার বাইরেও অনেক কিছুতে অংশগ্রহণ করলে পরে সেটা কাজে লাগে। তেমনি একটি হলো স্বেচ্ছাসেবামূলক কাজে অংশগ্রহণ। স্বেচ্ছাসেবা করার মাধ্যমে কাজ করার অভিজ্ঞতা পাওয়া যায়। কীভাবে দলভুক্ত হয়ে কাজ করতে হয় সেটাও শেখা যায়। তবে তোমরা হয়তো ভাবতেই পারো যে স্বেচ্ছাসেবীর কাজ বিনা পয়সায় করতে হয়। এটাও ঠিক যে এই কাজে অনেক সময় দিতে হয়।

## Section B

Questions and answers in **Bengali**.

**2 2** **M1** মিলি, জানো, পিঠা উৎসব পালন করতে এখন এদেশে পিঠা মেলায় অনেক দর্শক আসেন। কেউ কেউ সেজেগুছে রঙ-বেরঙের পোশাক পরে মেলায় বেড়াতে আসলেও সবাইকেই পছন্দের পিঠা কিনতেই হবে।

**F2** তুমি ঠিকই বলেছো, টিপু। মেলায় নানা ধরনের পিঠার দোকান থাকলেও অনেকেই ভিড় করেন পোশাকের দোকানের সামনে। বাঙালি সংস্কৃতির পোশাক কেনার এই সুযোগ কেউ হারাতে চান না।

**2 3** **F1** সেতু, বিয়ের কথা কী ভাবছিস?

**F2** মা, ভাবছি লেখাপড়া শেষ করে একটা কাজ পেয়ে তারপর বিয়ে করার চেয়ে, লেখাপড়া চলাকালেই বিয়ে করবো। বিয়ের পরও তো লেখাপড়া চালিয়ে নেওয়া যাবে। মা, তোমার কখন বিয়ে হয়েছিলো?

**F1** আমাদের সময়ে সাধারণত খুব অল্প বয়সে বিয়ে হয়ে যাওয়ার প্রথা ছিলো। আমি অবশ্য ভিন্ন রকম ছিলাম। লেখাপড়া শেষ করে একটা কাজ নিয়েছিলাম। তারপর বিয়ে করেছিলাম।

**2 4** **M2** দুধ, ডিম আর মাংস জাতীয় খাবার খেতে গিয়ে আমার শরীরে সমস্যা ধরা পড়েছিলো। ডাক্তার বলেছিলেন যে এটি আমার হজমে অসুবিধা করছে। শাক-সবজি জাতীয় খাবার খেলে এই সমস্যা থাকবে না। আমি এখন মাংস খাই না আর আমার হজমের অসুবিধাও নেই। ওজন এবং ক্ষুধাও ঠিক আছে। একজন 'ভিগান' হওয়া শুধু নিজের জন্য নয়, এটি পরিবেশবান্ধবও।

**2 5** **M1** সামাজিক মাধ্যমে যোগাযোগের সময় আমাদের একাউন্ট খুলতে হয়। সেজন্য কিছু তথ্য যেমন নাম, জন্ম তারিখ এসব দিতে হয়। তবে একাউন্ট খোলার সময় নিজেকে নিরাপদ রাখতে তুমি কোন স্কুলে পড়ছো, সেটা না জানানোই ভালো। এ ছাড়া তুমি কোথায় থাকো, সেটাও গোপন রাখা উচিত। এই যোগাযোগ মাধ্যমে বন্ধুদের সাথে সম্পর্ক ভালো রাখার জন্য কোনো বন্ধুর ছবি শেয়ার করতে হলে তার অনুমতি নিয়ে করা দরকার। আর কোনো বন্ধুর ব্যক্তিগত তথ্য কাউকে জানানো ঠিক নয়। একটু বুঝে শুনে চললে, আমরা অনেক বিপদ এড়িয়ে চলতে পারি।

**END OF TEST**

**There are no questions printed on this page**

**There are no questions printed on this page**

**There are no questions printed on this page**

**Copyright information**

For confidentiality purposes, all acknowledgements of third-party copyright material are published in a separate booklet. This booklet is published after each live examination series and is available for free download from www.aqa.org.uk.

Permission to reproduce all copyright material has been applied for. In some cases, efforts to contact copyright-holders may have been unsuccessful and AQA will be happy to rectify any omissions of acknowledgements. If you have any queries please contact the Copyright Team.

Copyright © 2021 AQA and its licensors. All rights reserved.